



দলীয় সিদ্ধান্তের বাইরে গিয়ে স্বতন্ত্র নির্বাচন করবেন: রুমিন ফারহানা



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ব্রাহ্মণবাড়িয়া-২ (সরাইল-আশুগঞ্জ) আসনে জোটগত সমঝোতার ফলে বিএনপি প্রার্থী না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এ আসনে দলটি শরিক সংগঠন জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশের প্রার্থী মাওলানা জুনায়েদ আল হাবিবকে সমর্থন করবে।

এই আসন থেকে বিএনপির মনোনয়ন প্রত্যাশী ছিলেন দলের আন্তর্জাতিক বিষয়ক সহ-সম্পাদক ও সাবেক সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানা। তবে দলীয় সিদ্ধান্তের বাইরে গিয়ে তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা দিয়েছেন। দলীয় সূত্র জানায়, বুধবার (২৪ ডিসেম্বর) তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র সংগ্রহ করবেন।

মঙ্গলবার (২৩ ডিসেম্বর) নিজের অবস্থান ব্যাখ্যা করে রুমিন ফারহানা বলেন, রাজনৈতিক বাস্তবতায় জোট টিকিয়ে রাখতে বিএনপিকে কিছু আসনে ছাড় দিতে হয়েছে। এটি দলীয় সিদ্ধান্ত এবং আমি সেটিকে স্বাভাবিকভাবেই দেখি। তবে একই সঙ্গে আমার রাজনৈতিক পথচলা ও এলাকার মানুষের সঙ্গে সম্পর্ক আমাকে নির্বাচনের বাইরে থাকতে দেয়নি। তিনি বলেন, দীর্ঘদিন ধরে আমি এই এলাকার মানুষের সঙ্গে যুক্ত। তাদের প্রত্যাশা ও দায়বদ্ধতা থেকেই আমি স্বতন্ত্র প্রার্থী হিসেবে ভোটের লড়াইয়ে নামার সিদ্ধান্ত নিয়েছি।

দলীয় সিদ্ধান্ত অমান্য করায় কোনো সাংগঠনিক পদক্ষেপ আসতে পারে কি না—এমন প্রশ্নে তিনি বলেন, দল চাইলে নিজস্ব প্রক্রিয়ায় যে কোনো সিদ্ধান্ত নিতে পারে। সে বিষয়ে আমার কিছু বলার নেই।